বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
এসএমই বিভাগ

ফোন : ৯৫৬০৭৩৭
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২ (এক্সটেনশন-২৪৩)
E-mail : dgmsme@krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা/এসএমইবি-৬(১)/২০১৭-১৮/১১৭ (১২৫০)　　　　তারিখ : ১৫/১১/২০১৭

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক এর মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : **কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতের উদ্যোক্তাদের চলতি ঋণ মঞ্জুর এবং স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী ঋণ আদায়ের ক্ষেত্রে গ্রেস পিরিয়ড প্রদান প্রসংগে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা-এর এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্ট (নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট) এর এসএমইএসপিডি সার্কুলার লেটার নং- ০৩, তারিখ-৩০/১০/২০১৭ এর অনুলিপি আপনাদের সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

০২। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত সার্কুলার লেটারের নির্দেশনা মোতাবেক কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতের উদ্যোক্তা বিশেষ করে নারী উদ্যোক্তাদের স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী ঋণ মঞ্জুরীর ক্ষেত্রে ব্যবসায়িক প্রয়োজনীয়তা যথাযথভাবে নিরুপণ এবং উদ্যোগের প্রকৃতির সাথে সামঞ্জস্য রেখে ঋণ পরিশোধের জন্য যৌক্তিক সময় গ্রেস পিরিয়ড প্রদান করার অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, গ্রেস পিরিয়ড ০১ বছর মেয়াদী ঋণের ক্ষেত্রে ০৩ মাস এবং মধ্যম ও দীর্ঘ মেয়াদী ঋণের ক্ষেত্রে ০৩/০৬ মাস প্রদানের বিষয়টি আবশ্যিকভাবে পরিপালন করতে হবে। এক্ষেত্রে গ্রেস পিরিয়ড ঋণের মেয়াদের অতিরিক্ত হিসেবে বিবেচিত হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

সংযুক্তি : বর্ণনামতে।

১৫/১১/২০১৭
(ঠাকুর দাস কুন্ডু)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

০১. চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২. ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক -১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩. সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা/ স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৪. সকল উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫. উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (তাঁকে পত্রখানি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
০৬. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭. নথি/ মহানথি।

১৫/১১/২০১৭
(মির্জা আরিফুজ্জামান)
সহকারী মহাব্যবস্থাপক

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট
(নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট)

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-৩

তারিখ: ৩০ অক্টোবর ২০১৭
১৫ কার্তিক ১৪২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান।

**কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতের উদ্যোক্তাদের চলতি ঋণ মঞ্জুর এবং স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী ঋণ আদায়ের ক্ষেত্রে গ্রেস পিরিয়ড প্রদান প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

কটেজ, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি (সিএমএসএমই) খাত দেশের অর্থনৈতিক উন্নয়নের অন্যতম একটি চালিকা শক্তি। দারিদ্র্য বিমোচন, ধনী-দরিদ্র ও আঞ্চলিক বৈষম্য কমানো, নারী-পুরুষের সমতা বিধান ও নারীর ক্ষমতায়ন সর্বোপরি অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে এ খাত ব্যাপক ভূমিকা রাখছে।

কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতের উদ্যোক্তা বিশেষ করে নারী উদ্যোক্তাগণ শিল্প, সেবা ও ব্যবসা খাতে চলতি মূলধনের চাহিদা পূরণে চলমান ঋণ; ব্যবসায় সম্প্রসারণ, সংস্কার কিংবা নতুন ধরনের ব্যবসা শুরুর জন্য স্বল্প মেয়াদী প্রকল্প ঋণ, মধ্যম এবং দীর্ঘ মেয়াদী ঋণ গ্রহণ করে থাকে। গ্রাহকের চাহিদা ও ব্যবসায়িক প্রয়োজনীয়তার নিরিখে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে যৌক্তিক সময়ের জন্য গ্রেস পিরিয়ড প্রদানের বিধান আছে যা পুনঃঅর্থায়ন সংক্রান্ত ০৭/০১/২০১৬ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-১ এর ২.৯ অনুচ্ছেদ অনুযায়ী পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানের ক্ষেত্রেও বিবেচনা করা হয়ে থাকে। ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রাতষ্ঠান কর্তৃক কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতের গ্রাহক পর্যায়ে বিশেষ করে নারী উদ্যোক্তাদের ঋণ বিতরণে উদ্যোক্তার ব্যবসায়িক প্রয়োজনীয়তা যথাযথভাবে নিরূপণ না করা এবং তাদের চাহিদা অনুযায়ী ঋণের কিস্তি পরিশোধের জন্য নির্ধারিত গ্রেস পিরিয়ড প্রদানে অনীহা প্রদর্শনের বিষয়টি পরিলক্ষিত হচ্ছে।

দেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে ব্যবসা-বাণিজ্য ও উৎপাদনশীল শিল্পে কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতের উদ্যোক্তা বিশেষ করে নারী উদ্যোক্তাদেরকে অধিকহারে উৎসাহিত করতে উদ্যোগের প্রকৃতির সাথে সামঞ্জস্য রেখে উদ্যোক্তার চলতি মূলধনের চাহিদা পূরণে চলমান ঋণ মঞ্জুর অব্যাহত রাখার এবং ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ০১ বছর মেয়াদী ঋণের ক্ষেত্রে ০৩ মাস এবং মধ্যম ও দীর্ঘ মেয়াদী ঋণের ক্ষেত্রে ০৩/০৬ মাস গ্রেস পিরিয়ড প্রদানের বিষয়টি আবশ্যিকভাবে পরিপালন করতে হবে। এক্ষেত্রে গ্রেস পিরিয়ড ঋণের মেয়াদের অতিরিক্ত হিসেবে বিবেচিত হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(শেখ মোঃ সেলিম)
মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০৫০২
ই-মেইল-shaikh.salim@bb.org.bd